

জাত পরিচিতি

বিআর২ বোরো ও আউশ মৌসুমের একটি জাত। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ১৯৭১ সালে এ জাতটি উদ্ভাবন করেছে। বিআর২ এর জনপ্রিয় নাম মালা।



বিআর২

জাতের বৈশিষ্ট্য

- ▶ পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা ১২০ সেমি।
- ▶ চাল মাঝারি চিকন ও সাদা।

জীবনকাল

এ জাতের জীবনকাল বোরো মৌসুমে ১৬০ দিন এবং আউশ মৌসুমে ১২৫ দিন।

ফলন

বোরো মৌসুমে ফলন হেক্টর প্রতি প্রায় ৫.০ টন এবং আউশ মৌসুমে হেক্টর প্রতি প্রায় ৪.০ টন।

চাষাবাদ পদ্ধতি

১. বীজ তলায় বীজ বপন : বোরো মৌসুমে ২০ কার্তিক-০৫ অগ্রাহায়ণ (০৪-১৯ নভেম্বর) এবং আউশ মৌসুমে ১৫-৩০ চৈত্র (২৯ মার্চ-১৩ এপ্রিল)।
২. চারার বয়স : বোরো মৌসুমে ৩৫-৪০ দিন এবং আউশ মৌসুমে ২০-৩০ দিন
৩. রোপনের সময় : বোরোর ক্ষেত্রে ২৫ অগ্রাহায়ণ-১৫ পৌষ (০৯ ডিসেম্বর-২৮ জানুয়ারি) এবং ০৫-৩০ বৈশাখ (১৮ এপ্রিল-১৩ মে)।
৪. রোপন দূরত্ব : বোরো মৌসুমে ১৫×২৫ সেমি এবং আউশ মৌসুমে ১৫×২০ সেমি

৫. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):

৫.১	ইউরিয়া	টিএসপি	এমপি	জিপসাম	দস্তা	(বোরো মৌসুমে)
	৪০	১৩	২২	১৫	১.৫	
৫.২	ইউরিয়া	টিএসপি	এমপি	জিপসাম	দস্তা	(আউশ মৌসুমে)
	১৮	৭	১১	০	০	

৫.৩ ইউরিয়া সার সমান ৩ কিস্তিতে রোপনের ১৫-২০ দিন পর ১ম কিস্তি, ৩০-৩৫ দিন পর ২য় কিস্তি এবং ৪৫-৫০ দিন পর ৩য় কিস্তি প্রয়োগ করতে হবে। ইউরিয়া সার প্রয়োগের পর মাটির সাথে মিশিয়ে দিতে হবে। টিএসপি, এমওপি সারের পুরোটাই জমি শেষ চাষের সময় মাটিতে প্রয়োগ করা উত্তম।

৬. আগাছা দমন : রোপনের ৩০-৪০ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।
৭. সেচ ব্যবস্থাপনা : সেচের পানি ঘাটতি এলাকার জন্য আগাম জাত হিসেবে জাতটি নির্বাচন করা যেতে পারে।
৮. রোগ বালাই ও পোকামাকড় দমন : রোগবালাই দেখা দিলে অনুমোদিত বালাই দমন ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।
৯. ফসল কাটা : ধান কাটার উপযুক্ত সময় হলো বোরো মৌসুমের ক্ষেত্রে ১-১৫ বৈশাখ (১৪-২৮ এপ্রিল) এবং আউশ মৌসুমের ক্ষেত্রে ২০ শ্রাবণ-০৫ ভাদ্র (৪ আগস্ট-২০ আগস্ট)

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@bri.gov.bd

অধিবেশন ২ : মডিউল ২

ফ্যাঙ্ক শীট